

ঢাকা ওয়াসা

Name of the Work: Tidy up, withdrawn, loading, unloading and carrying of different types of materials by daily basis labor at Tinshed Godown no. 02 under Store Division, Dhaka WASA.

অনুচ্ছেদ ১.০

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংযুক্ত ক্রমিক গুলি সদয় দেখা যেতে পারে। পাগলাস্থ ভান্ডার বিভাগ ঢাকা ওয়াসার একটি গুরুত্বপূর্ণ স্থাপনা। ঢাকা ওয়াসার বিভিন্ন প্রকল্প, বিভাগ, মডস জোন, রাজস্ব জোন ও অফিসের সংগ্রহকৃত মালামাল ভান্ডার বিভাগে জমা প্রদান করা হয়। পরবর্তীতে ভান্ডার বিভাগ কর্তৃক উক্ত মালামাল সমূহ মজুদ, সংরক্ষণ ও বিতরণ করা হয়ে থাকে। উক্ত মূল্যবান মালামাল সমূহ বিভিন্ন সময়ে ঢাকা ওয়াসার বিভিন্ন প্রকল্প, বিভাগ, মডস জোন, রাজস্ব জোন ও অফিসের উদ্ধর্তন কর্মকর্তাবৃন্দ ও পরামর্শক প্রতিষ্ঠানের দেশি/বিদেশি কর্মকর্তাবৃন্দ পরিদর্শন করে থাকেন। এছাড়া ও বিভিন্ন বিভাগ/প্রকল্প কর্তৃক ব্যবহৃত পুরাতন ও নষ্ট এবং ব্যবহার অনুপযোগী মালামালগুলো এম.আর.এস. এর মাধ্যমে ভান্ডার বিভাগে জমা করা হয়। বর্তমানে ভান্ডার বিভাগের ০২ নং গোডাউনে বিভিন্ন ধরনের খুচরা যন্ত্রাংশ ছড়িয়ে-ছিটিয়ে রয়েছে। মালামালগুলো ভান্ডার বিভাগের স্বাভাবিক কাজ-কর্মের পরিবেশ বিনষ্ট করছে। ফলে নতুন সংগ্রহকৃত মালামাল সংরক্ষণে সমস্যা হচ্ছে। তাছাড়া এসব দীর্ঘদিনের পুরাতন ও বর্তমানে অপ্রয়োজনীয় মালামালগুলো ভান্ডার বিভাগে দীর্ঘদিন পড়ে থাকার কারণে মরিচা/ক্ষয়প্রাপ্ত হয়ে বিলীন হয়ে যাওয়ার আশংকা রয়েছে। তাই উল্লিখিত মালামালগুলো দ্রুততম সময়ে সাজিয়ে-গুছিয়ে ও পরিষ্কার-পরিচ্ছন্ন করে ন্যূনতম সময়ের মধ্যে দৈনিক মজুরি ভিত্তিক শ্রমিক নিয়োজিত করে সুবিধা অনুযায়ী শ্রেণীবদ্ধভাবে বিভিন্ন গোডাউনে সংরক্ষণ করা প্রয়োজন।

অনুচ্ছেদ ১.১

উপরোক্ত বর্ণনার আলোকে “Tidy up, withdrawn, loading, unloading and carrying of different types of materials by daily basis labor at Tinshed Godown no. 06 under Store Division, Dhaka WASA” কাজটি করার জন্য একটি প্রাক্কলন (সংযুক্তি-৪) প্রস্তুত করা হয়েছে। যাতে মোট প্রাক্কলিত ব্যয়ের পরিমাণ দাঁড়িয়েছে ৪৯,২০০.০০ (উনপঞ্চাশ হাজার দুইশত) টাকা মাত্র। কাজটির ব্যয়ভার ভান্ডার বিভাগের ২০২৬-২৭ অর্থ বছরের বাজেট বরাদ্দের “ভান্ডার রক্ষণাবেক্ষণ” খাত (কোড: ০১-০৪-০০৮) হতে নির্বাহ করা হবে।

অনুচ্ছেদ ১.২

কাজটি জরুরি ও স্বল্প মূল্যের বিধায় পিপিআর-২০২৫ এর বিধি ৯৯ নং বিধির ১(ড) উপ-বিধি মোতাবেক সরাসরি চুক্তির মাধ্যমে ঠিকাদারি প্রতিষ্ঠান মেসার্স ৫২ ইন্টারন্যাশনাল এর মাধ্যমে সম্পাদন করা যেতে পারে। আলোচ্য ক্রয় কার্যক্রমে Procuring Entity হিসেবে Executive Engineer, Store Division, Dhaka WASA কে রাখা হবে। উল্লেখ্য যে, আলোচ্য কাজটির দর পত্র আহ্বান, চুক্তি সম্পাদন ও বাস্তবায়ন সহায়বৃত্তীয় কাজ Executive Engineer, Store Division, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে।

সংযুক্তি-১	২০২৫-২৬ অর্থ বছরের অত্র বিভাগের অনুকূলে বাজেট বরাদ্দের কপি।
সংযুক্তি-২	প্রস্তাবিত ঠিকাদারের (ট্রেডলাইসেন্স, ভ্যাট, ট্যাক্স, এনআইডি ইত্যাদি) কাগজ পত্রাদির কপি।
সংযুক্তি-৩	পূর্বানুমোদিত দর।
সংযুক্তি-৪	প্রাক্কলন।
সংযুক্তি-৫	প্রতিবেদন।

অনুচ্ছেদ ১.৩

এমতাবস্থায়, “Tidy up, withdrawn, loading, unloading and carrying of different types of materials by daily basis labor at Tinshed Godown no. 06 under Store Division, Dhaka WASA” শীর্ষক কাজটি পিপিআর-২০২৫ এর বিধি ৯৯ বিধির ১(ড) উপ-বিধি মোতাবেক সরাসরি চুক্তির মাধ্যমে ঠিকাদারি প্রতিষ্ঠান মেসার্স ৫২ ইন্টারন্যাশনাল এর মাধ্যমে সম্পাদনের লক্ষ্যে উপস্থাপিত সর্বমোট ৪৯,২০০.০০ (উনপঞ্চাশ হাজার দুইশত) টাকা মাত্র প্রাক্কলনটি অনুমোদন করা যেতে পারে। Sub-Delegation of Financial Power অনুযায়ী বর্ণিত কাজের প্রাক্কলনটি প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদনের আওতাধীন। সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হ’ল।

MD. RAIHAN ALI
Sub-Assistant Engineer
Store Division, Dhaka WASA.

PAUL SARKER
Assistant Engineer
Store Division, Dhaka WASA

মোঃ আফজাল হোসেন
নিবাহী প্রকৌশলী
ভান্ডার বিভাগ, ঢাকা ওয়াসা।

মোহাম্মদ হুমায়ুন কবীর
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃ দাঃ)
এস.এম.জব্বার সি সার্কেল
ঢাকা ওয়াসা।

আলমগীর হাছিন আহমেদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।